বাগেরহাটে নিরাপদ সব্জি ও ফল বিক্রয় কেন্দ্রের উদ্বোধন

বাগেরহাটে নিরাপদ সব্জি ও ফল বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। শুক্রবার সকালে ফকিরহাট উপজেলার হোচলা এলাকায় এই কেন্দ্রের উদ্বোধন করেন, খামারবাড়ি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং) মো: নূরুল হক।

পরে নিরাপদ সব্জি ও ফল বিক্রয় কেন্দ্রের সামনে বাগেরহাট জেলা কৃষি সম্প্রসরণ অধিদপ্তরের উপ-পরিচালক রঘুনাথ করের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এর উপ-পরিচালক মো: মতিউর রহমান, বাগেরহাট জেলা কৃষি সম্প্রসরণ অধিদপ্তরের প্রশিক্ষন কর্মকর্তা দীপক কুমার রায়, নিরাপদ উদ্যানতাত্ত্বিক ফসল উৎপাদন ও সংগ্রহোত্তর প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের (ওএফএসএসআই) প্রকল্প পরিচালক কৃষিবিদ ড. মো: সাহিনুল ইসলাম, ফকিরহাট উপজেলা কৃষি কর্মকর্তা মো: নাসরুল মিল্লাত, কৃষি সম্প্রসারণ অফিসার তন্ময় দত্ত, উপ-সহকারী কৃষি অফিসার প্রদীপ কুমার মন্ডল, সোলায়মান আলী মন্ডল, বিপুল কুমার পাল, বিপ্লব দাশ, নীল রতন রায়, তানিয়া রহমান, কুষক নাসির শেখ প্রমুখ।

বক্তারা বলেন, বর্তমান সরকার নিরাপদ বিষমুক্ত সব্জি উৎপাদনে নানামূখী পদক্ষেপ গ্রহন করেছে। সব্জি ক্ষেতে অবাধে বিষ প্রয়োগ না করে, জৈব বালাই নাশক ব্যবহারের জন্য কৃষকদেন অনুরোধ জানান।

নিরাপদ উদ্যানতাত্তি¡ক ফসল উৎপাদন ও সংগ্রহোত্তর প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্পের (ওএফএসএসআই) অধিনে ১২ লক্ষাধিক টাকা ব্যয়ে এই কেন্দ্রটি নির্মান করা হয়। পরে অতিথিবৃন্দ স্থানীয় কৃষক-কৃষানীদের মাঝে জৈব বালাইনাশক সামগ্রী বিতরণ করেন।